# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ১৫. ২. পরধর্ম নির্মূল ও অন্য ধর্মের ধর্মস্থান ধ্বংস

দেশ দখল ও সাম্রাজ্য স্থাপনের পাশাপাশি বাইবেলীয় যুদ্ধের অন্যতম উদ্দেশ্য বিজিত দেশ ও জাতির ধর্ম নির্মূল করা এবং অন্য ধর্মের পবিত্র স্থানগুলো ধ্বংস করা। বনি-ইসরাইলদের জন্য অন্যধর্ম অনুসরণের নিষেধাজ্ঞা খুবই স্বাভাবিক বিষয়। একমাত্র ঈশ্বরের পূজা-আরাধনার নির্দেশও খুবই স্বাভাবিক। তবে এজন্য অন্যান্য ধর্মের ধর্মস্থান ধ্বংস, নির্মূল বা অবমাননা স্বাভাবিক বিষয় নয়। কিন্তু বাইবেলে এরূপ নির্দেশই আমরা দেখি। অন্য কোনো ধর্ম বা জাতির প্রতি শ্রদ্ধাবোধ তো অনেক দূরের কথা, অন্য জাতি বা ধর্মের সাথে শান্তিপূর্ণ সহ-অবস্থানের কোনো অনুমতি বাইবেল দিচ্ছে না। বরং একক অবস্থানের জন্য অন্যদের নির্মূল করতে নির্দেশ দিচ্ছে। হত্যা, বিতাড়ন ও ধ্বংস ঈশ্বর নির্দেশিত পুণ্যকর্ম। পক্ষান্তরে করুণা বা মানবতাবশত কাউকে বাঁচিয়ে রাখা মহাপাপ। এরূপ করুণা বা মানবতা প্রদর্শন করলে ঈশ্বর তাঁর প্রিয় জাতিকেও কঠিন শাস্তি দেবেন ও ধ্বংস করবেন। বাইবেল বলছে:

"সাবধান! যে দেশে তোমরা যাচ্ছ সেই দেশের লোকদের সংগে তোমরা কোন চুক্তি করবে না। তা করলে তারা তোমাদের মধ্যে একটা ফাঁদ হয়ে থাকবে। তোমরা তাদের বেদীগুলো ভেংগে ফেলবে, তাদের পূজার পাথরগুলো টুকরা টুকরা করে ফেলবে আর তাদের পূজার আশেরা-খুঁটিগুলো কেটে ফেলবে।" (হিজরত ৩৪/১২-১৩)

"মাবুদ মূসাকে বনি-ইসরাইলদের এই কথা জানিয়ে দিতে বলেছিলেন, 'তোমরা জর্ডান নদী পার হয়ে কেনান দেশে গিয়ে তোমাদের পথ থেকে দেশের সমস্ত লোকদের তাড়িয়ে বের করে দেবে। তাদের পাথরে খোদাই করা সমস্ত মূর্তি ও ছাঁচে ফেলে তৈরী করা সমস্ত প্রতিমা এবং পাহাড়ের উপরকার সমস্ত কোরবানগাহ্ তোমরা ধ্বংস করে ফেলবে। তারপর তোমরা সেই দেশটা দখল করে নিয়ে সেখানে বাস করবে; কারণ দখল করবার জন্যই দেশটা আমি তোমাদের দিয়েছি। ... কিন্তু যদি ঐ দেশের বাসিন্দাদের দূর করে না দাও তবে যাদের তোমরা থাকতে দেবে তারা তোমাদের চোখে বড়শীর মত এবং পাঁজরে কাঁটার মত হবে। তোমরা ঐ দেশে বাস করবার সময় তারা তোমাদের কষ্ট দেবে। তখন আমি তোমাদের প্রতি তা-ই করব যা আমি তাদের প্রতি করব বলে ঠিক করে রেখেছিলাম।" (শুমারী ৩৩/৫০-৫৬)

"তোমরা যে সমস্ত জাতিদের বেদখল করতে যাচ্ছ তারা যে সব ছোট-বড় পাহাড়ের উপরে ও ডালপালা ছড়ানো সবুজ গাছের নীচে তাদের দেবদেবীর পূজা করে সেই জায়গাগুলো তোমরা সম্পূর্ণভাবে ধ্বংস করে দেবে। তাদের বেদীগুলো ভেংগে দেবে, পূজার পাথরগুলো চুরমার করে দেবে, পূজার আশেরা-খুঁটিগুলো পুড়িয়ে দেবে, দেব-দেবীর মূর্তিগুলো ভেংগে ফেলে দেবে এবং এভাবে সেই সব জায়গা থেকে তাদের দেব-দেবীদের নাম মুছে ফেলবে।" (দ্বিতীয় বিবরণ ১২/২-৩)

"তোমরা তাদের দেবতাদের পূজা করবে না এবং সেখানকার লোকেরা যা করে তা করবে না। তোমরা তাদের দেব-দেবীর মূর্তিগুলো ভেংগে ফেলবে এবং তাদের পূজার পাথরগুলোও টুকরা টুকরা করে ফেলবে। ... এক দিকে লোহিত সাগর থেকে ফিলিস্তিনিদের দেশের সাগর পর্যন্ত এবং অন্য দিকে মরুভূমি থেকে ফোরাত নদী পর্যন্ত

তোমাদের দেশের সীমানা আমি স্থির করে দেব। সেই দেশে যারা বাস করছে তাদের আমি তোমাদের হাতে তুলে দেব আর তোমাদের সামনে থেকে তোমরা তাদের তাড়িয়ে বের করে দেবে। তাদের সংগে কিংবা তাদের দেবতাদের সংগে কোন চুক্তি করবে না। তোমাদের দেশের মধ্যে তাদের বাস করতে দেবে না। তা করলে তারা আমার বিরুদ্ধে তোমাদের গুনাহে টেনে নিয়ে যাবে, কারণ যদি তোমরা তাদের দেব-দেবীর পূজা কর তবে নিশ্চয়ই তোমরা তার ফাঁদে আটকা পড়ে যাবে।'' (হিজরত/যাত্রা ২৩/২৪-৩৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14561

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন